গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৭৪

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৮
০৪ মার্চ ২০২২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত নিম্নচাপটি উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ সকাল ০৬ টায় একই এলাকায় (০৮.৫$^{0}$ উত্তর অক্ষাংশ এবং ৮৩.০$^{0}$ পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছিল। এটি আজ (০৪ মার্চ ২০২২) সকাল ০৬ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ১৮১০ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ১৭৫০ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে,মোংলা সমুদ্রবন্দর থেকে ১৭১৫ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ১৭০৫ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরও ঘনীভূত হয়ে উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হতে পারে।

নিম্নচাপ কেন্দ্রের ৪৪ কি.মি. এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৪০ কি.মি. যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৫০ কি.মি. পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। নিম্নচাপ কেন্দ্রের নিকটে সাগর মাঝারী ধরনের উত্তাল রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা, এবং পায়রা সমুদ্র বন্দর সমূহকে পরবর্তী নির্দেশনার জন্য সাবধানতার সাথে পর্যবেক্ষণ করতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

**২। আজ ০৪ মার্চ ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**৩। ০৪ মার্চ ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থাঃ দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত নিম্নচাপটি উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ সকাল ০৬ টায় (০৪ মার্চ ২০২২) একই এলাকায় (অক্ষাংশ: ৮.৫ক্ক ডিগ্রী উত্তর এবং দ্রাঘিমাংশ: ৮৩.০ক্ক ডিগ্রী পূর্ব) অবস্থান করছিল। এটি আরো ঘণীভূত হয়ে উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে। পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ হিমালয়ের পাদদেশীয় পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।**

**পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।**

**তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।**

**পরবর্তী৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন) ঃ সামান্য পরিবর্তন হতে পারে।**

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩১.২ | ৩০.৫ | ৩৪.৫ | ৩২.৬ | ৩০.৬ | ৩১.২ | ৩১.৫ | ৩২.৬ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৫.১ | ১৫.২ | ১৪.৫ | ১১.৬ | ১৪.৫ | ১২.৭ | ১৫.৫ | ১৫.২ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ৩৪.৫° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা শ্রীমঙ্গল ১১.৬° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

## ৪। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২রা মার্চ, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ৩রা মার্চ, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ৩২ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৮ | ৫ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৬ | ৩ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ৯ | ০ | ০ |
| ৭। | রংপুর | ৬ | ০ | ০ |
| ৮। | খুলনা | ১ | ০ | ০ |
| | মোট | ৩২ | ৮ | ০ |

## ৫ (ক)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:

| ক্রঃ নং | ত্রাণ কার্যক্রমের নাম | বরাদ্দের পরিমাণ | | |
|---|---|---|---|---|
| | | চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ১৫/০২/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত) | বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত | মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (৩+৪) |
| ১ | ৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ | ১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা | - | ১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | ত্রাণ কার্য (নগদ অর্থ) | **১০১,৬৫,৯১,০০০/-** (একশত এক কোটি পয়ষট্টি লক্ষ একানব্বই হাজার) টাকা | ১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগার) টাকা | **১১১২,৮৯,২৩,৫১১/-** (এক হাজার একশত বার কোটি উননব্বই লক্ষ তেইশ হাজার পাঁচশত এগারো) টাকা |
| ৩ | চাল | ১,৭১,৮৫৮.০১ (এক লক্ষ একাত্তর হাজার আটশত আটান্ন দশমিক শূন্য এক) মে: টন | ৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন | ৬,১৬,৪০০.০১ (ছয় লক্ষ ষোল হাজার চারশত দশমিক শূন্য এক) মে. টন |
| ৪ | শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম)] | ৯০,৮৫১ (নব্বই হাজার আটশত একান্ন) প্যাকেট | ৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট | ৭,৭৮,৫৫১ (সাত লক্ষ আটাত্তর হাজার পাঁচশত একান্ন) প্যাকেট |
| ৫ | ঢেউটিন | ২,৭১২ বান্ডিল | ৩১,৮০০বান্ডিল | ৩৪,৫১২ বান্ডিল |
| ৬ | গৃহ নির্মাণ মঞ্জুরী | ৮১,৩৬,০০০/- টাকা | ৯,৫৪,০০,০০০/- টাকা | ১০,৩৫,৩৬,০০০/- টাকা |
| ৭ | সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী | ৭০০ কার্টুন | - | ৭০০ কার্টুন |

**৫ (খ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (০৩/০৩/২০২২ তারিখ পর্যন্ত):**

| ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা | সকল জেলা (পৌরসভাসহ) | সকল সিটি করপোরেশন | সর্বমোট |
|---|---|---|---|
| উপকারভোগী পরিবার সংখ্যা | ৩,৩৫,০৮৪ টি | ১২,৩০৪ টি | **৩,৪৭,৩৮৮ টি** |
| উপকারভোগী লোক সংখ্যা | ১৬,৬৩,৫০৬ জন | ৫৯,৮৯৭ জন | **১৭,২৩,৪০৩ জন** |

**৬। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।**

৪-৩-২০২২

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৭৪/১(৮)

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৮
০৪ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৪) সিনিয়র সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়
৫) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৮) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৪-৩-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা